

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫২৪(আগরতলা-৩১।১০)

জম্মুইজলা, ৩১ অক্টোবর, ২০১৭।

জম্মুইজলায় ডাল ও তৈল বীজের চাষ

কৃষি দপ্তরের উদ্যোগে চলতি অর্থ বছরে জম্মুইজলা ব্লকের বিভিন্ন এ ডি সি ভিনেজ এলাকায় ডাল জাতীয় শস্য ও তৈল বীজ চাষের উদ্যোগ নেওয়া হচ্ছে। এগুলির মধ্যে ৪৯ হেক্টর মটর, ৪৭ হেক্টর ভূট্টা, ৪৭ হেক্টর মুগ ডাল, ৩১ হেক্টর মুসরী ডাল, ৩৫ হেক্টর মাসকলাই, ১৫ হেক্টর রাজমা, ১১ হেক্টর বাদাম, ১০ হেক্টর সোয়াবিন, ৮২ হেক্টর রেপসীড ইত্যাদি চাষ করা হবে। এছাড়া, সংশ্লিষ্ট এলাকার ১০২০ হেক্টর জমিতে হাইব্রিড বোরো ধান, ২০০ হেক্টরে উচ্চ উৎপাদনশীল বোরো ধান, ৬৯৯ হেক্টর জমিতে প্রথাগত পদ্ধতিতে বোরোধান চাষ করা হবে। সংশ্লিষ্ট দপ্তর থেকে এতথ্য জানানো হয়েছে।

This document was created by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com